

# যুগান্তর

প্রিন্ট: ১১ নভেম্বর ২০২৫, ০৯:৪৯ এএম

জাতীয়

## সরকারি মেডিকেল কলেজে আসন কম্প্যুটার



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১০ নভেম্বর ২০২৫, ০৭:৪৯ পিএম



ছবি: সংগৃহীত

দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজের আসন সংখ্যা পুনর্বিন্যাস করেছে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। মোট আসন থেকে ১৮০টি কমিয়ে এবার মোট ৫ হাজার ১০০ আসন নির্ধারণ করা হয়েছে।

সোমবার (১০ নভেম্বর) মহাপরিচালক অধ্যাপক ডা. মো. নাজমুল হোসেনকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার সিনিয়র সহকারী সচিব সঞ্জীব দাশ স্বাক্ষরিত এক চিঠিতে এ তথ্য জানানো হয়েছে।

চিঠিতে বলা হয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের উপদেষ্টার সভাপতিত্বে ৩০ অক্টোবর অনুষ্ঠিত সভার সিন্ক্লান্ট অনুযায়ী দেশের ৩৭টি সরকারি মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সের বিদ্যমান আসন পুনর্বিন্যাস করা হল।

চিঠি অনুযায়ী, বর্তমানে ৫ হাজার ৩৮০টি আসন রয়েছে ৩৭টি সরকারি মেডিকেল কলেজে। তবে নতুন সিন্ক্লান্ট অনুযায়ী এর সংখ্যা দাঁড়াল ৫১০০-তে। এর মধ্যে ঢাকা মেডিকেল কলেজসহ মোট ১৪টি মেডিক্যালে মোট ৩৫৫টি আসন কমানো হয়েছে। আসন বেড়েছে তিনটি মেডিকেলে।

চিঠি অনুযায়ী, দেশের প্রথম সারির পুরোনো আটটি মেডিকেল থেকে ১৫টি করে আসন কমানো হয়েছে। ১৫০ থেকে আসন কমে এই ৮ প্রতিষ্ঠানে আসন সংখ্যা দাঁড়িয়েছে ১২৫-এ। এগুলো হলো ঢাকা, চট্টগ্রাম, ময়মনসিংহ, রাজশাহী, সিলেট এমএজি ওসমানী, বরিশাল শেরেবাংলা, ঢাকার স্যার সলিমুল্লাহ এবং রংপুর মেডিকেল কলেজ। এছাড়া শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজেও ১৩০ থেকে ৫ কমিয়ে ১২৫টি আসন নির্ধারণ করা হয়েছে।

এর বাইরে হিবিগঞ্জ মেডিকেল কলেজ থেকে ৫০ এবং নেত্রকোনা, নীলফামারী, নওগাঁ, মাঞ্ছরা ও চাঁদপুর মেডিকেল থেকে ১৫ করে কমিয়ে ৫০ আসন নির্ধারণ করা হয়েছে। আসন বাড়া তিনটি প্রতিষ্ঠান হচ্ছে গাজীপুরের শহীদ তাজউদ্দীন আহমদ মেডিকেল কলেজ, টাঙ্গাইল মেডিক্যাল কলেজ এবং পটুয়াখালী মেডিকেল কলেজ। এর মধ্যে শহীদ তাজউদ্দীন এবং টাঙ্গাইল মেডিকেলে ১৫ করে বাড়িয়ে আসন দাঁড়িয়েছে ১২৫টি। আর পটুয়াখালী মেডিকেলে ১৫ বাড়িয়ে আসন নির্ধারণ করা হয়েছে ১০০টি।

অন্যান্য মেডিকেলের আসন সংখ্যা অপরিবর্তিত রয়েছে।

এর মধ্যে ২০০ করে আসন রয়েছে কুমিল্লা, খুলনা, বগুড়ার শহীদ জিয়াউর রহমান, ফরিদপুর এবং দিনাজপুর মেডিকেল কলেজে। ১০০ করে আসন রয়েছে পাবনা, নোয়াখালী, কক্ষবাজার, যশোর, সাতক্ষীরা, কিশোরগঞ্জের শহীদ সৈয়দ নজরুল ইসলাম, কুষ্টিয়া, জামালপুর এবং মুগদা মেডিকেল কলেজে। অপরদিকে ১২৫টি করে আসন রয়েছে গোপালগঞ্জ এবং মানিকগঞ্জ মেডিকেল কলেজে। আর সুনামগঞ্জ মেডিকেল কলেজে রয়েছে ৭৫টি আসন।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে দেওয়া চিঠিতে বলা হয়েছে, উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।